আল্লামা হাবিবুর রহমান ও হাফিজ আবুল কালামের রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

চেম্বার ডেস্ক::
উপমহাদেশের প্রখ্যাত শায়খুল হাদিস, সংযুক্ত আরব আমিরাতের সাবেক বিচারপতি, ইছামতি দারুল উলূম কামিল মাদ্রাসার সাবেক অধ্যক্ষ আল্লামা হাবিবুর রহমান (মুহাদ্দিস) সাহেব ও ইছামতি রফিকিয়া হাফিজিয়া ইবতেদায়ী মাদ্রাসার প্রধান শিক্ষাক আলহাজ্ব হাফিজ আবুল কালাম এর রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ২৩ সেপ্টেম্বর রোজ বৃহস্পতিবার জকিগঞ্জ উপজেলার ৮নং কসকনকপুর ইউনিয়ন অফিস বাজার সংলগ্ন বায়তুল আমান জামে মসজিদে বাদ আছর কুরআন খতম ও দালাইলুল খায়রাত পাঠকরা হয়। বাংলাদেশ আন্জুমানে আল ইসলাহ ও তালামিযে ইসলামিয়া ৮নং কসনকপুর ইউনিয়ন শাখার উদ্যোগে আয়োজিত মাহফিলে বাদ মাগরিব খতমে খাজেগান শেষে প্রধান অতিথি হিসাবে গুরুত্বপূর্ন বয়ান রাখেন, শামসুল উলামা আল্লামা ফুলতলি সাহেব কিবলা রহ. এর সুযোগ্য সাহেব জাদা, ফুলতলি কামিল মাদরাসার সাবেক অধ্যক্ষ আল্লামা নজমুদ্দিন চৌধুরী ফুলতলি। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন ইছামতি কামিল মাদ্রাসার মুহাদ্দিছ আল্লামা আব্দুল বাছিত, প্রধান মেহমান হিসাবে উপস্থিত ছিলেন, ইছামতি কামিল মাদ্রাসার আরবি সহযোগী অধ্যাপক ও কসকনকপুর ইউনিয়ন লতিফিয়া ক্বারী সোসাইটির সভাপতি মও. আতিকুর রহমান সিদ্দিকি, ৮নং কসকনকপুর ইউ/পি চেয়াম্যান আব্দুর রাজ্জাক রিয়াজ, সাবেক চেয়াম্যান আলতাফ হোসেন লস্কর ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্ধ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। মহফিলে ৮নং কসকনকপুর ইউনিয়ন বাংলাদেশ আনজুমানে আল ইসলাহ এর সাবেক সভাপতি মরহুম হাফিজ আতাউর রহমান এর রূহের মাগফিরাত কামনা করেও বিশেষ মোনাযাত করা হয়। মহফিলে আবেগ জড়িত কণ্ঠে মোনাযাত পরিচালনা করেন প্রধান অথিতি আল্লামা নজমুদ্দিন চৌধুরী ফুলতলি, এ সময় আমিন, আমিন, ধ্বনীতে মূখরিত হয় সমস্থ এলাকা, মহফিলে সভাপতিত্ব করেন, আনযুমানে আল ইসলাহ ৮নং কসকনকপুর শাখার সভাপতি মাও শামীম আহমদ। আল ইসলাহ ৮নং কসকনকপুর ইউ/পি শাখার সাধারণ সম্পাদক মাও ছালিক আহমদ ও তালামিযে ইসলামিয়া ৮নং কসকনকপুর ইউ/পি শাখার সভাপতি হাফিজ আব্দুল মালিক এর যৌথ উপস্থাপনায় অনুষ্ঠিত মহফিলে কুরআন তিলাওয়াত করেন

ইনামতি বায়তুল আমান জামে মসজিদের ইমাম ও খতিব মাও: মাছুম আহমদ, মহফিলে মিলাদ শরীফ শেষে শিরণী বিতরণ করে মাহফিলের সমাপ্তি ঘোষণা করা হয়।